

রামকুর্ক মিশন বিদ্যালয়ের

বেলুড় মঠ, হাওড়া

প্রবেশিকা পরীক্ষা ২০২২

বিষয় : বাংলা

পূর্ণমান - ৫০

তারিখ : ০৫/০৭/২০২২

সময় : বিকেল ৩টে – ৪টে

- ১। অনধিক ২০০ শব্দে নীচের কবিতাটির মূলভাব লিপিবদ্ধ করো। (১০)

জলহারা মেঘখানি বরযার শেষে
পড়ে আছে গগনের এক কোণ ঘেঁষে।
বর্ষাপূর্ণ সরোবর তারি দশা দেখে
সারাদিন যিকিমিকি হাসে থেকে থেকে।
কহে, ওটা লক্ষ্মীছাড়া, চালচুলাহীন,
নিজেরে নিঃশেষ করি কোথায় বিলীন।
আমি দেখো চিরকাল থাকি জলভরা,
সারবান, সুগন্ধীর নাই নড়াচড়া।
মেঘ কহে, ওহে বাপু, কোরো না গরব,
তোমার পূর্ণতা সে তো আমারি গৌরব।

- ২। তোমার এলাকায় দীর্ঘদিন ধরে জমে থাকা জঞ্জাল অপসারণের প্রার্থনা জানিয়ে উপযুক্ত কর্তৃপক্ষের কাছে পাঠানোর উপযোগী একটি খসড়া-চিঠি প্রস্তুত করো। (অনধিক ২০০ শব্দে) (১০)

- ৩। একাদশ অথবা দ্বাদশ শ্রেণির পাঠ্যসূচীর অন্তর্গত যে-কোনো একটি কবিতার নাম কবির নামসহ উল্লেখ করে সেটি তোমার কেমন লেগেছে —এই বিষয়ে অনধিক ২০০ শব্দের মধ্যে সংক্ষিপ্ত আলোচনা করো। (১০)

- ৪। অনধিক ৪০০ শব্দে যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো। (২০)

- ক) ধর্ম-নিরপেক্ষতা ও ছাত্রসমাজ
খ) রূপকথা ও শিশুর আশ্চর্য জগৎ^৯
গ) টেলিভিশনের অনুষ্ঠান ও বিজ্ঞাপন-বিরতি
ঘ) ভারত আমার ভারতবর্ষ স্বদেশ আমার স্বপ্ন গো

————— X —————